ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৪
খোয়াই, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**খোয়াইয়ে শিক্ষক দিবস উদযাপিত**

খোয়াই, তুলাশিখর ও পদ্মবিল বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের যৌথ উদ্যোগে গতকাল খোয়াই বি আর সি হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে খোয়াই মহকুমাভিত্তিক ৬৪তম শিক্ষক দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দেববর্মা। উদ্বোধকের ভাষণে বিধায়ক রঞ্জিত দেববর্মা বলেন, শিক্ষকরা হলেন সমাজ গড়ার কারিগর। তারা নিজেদের অমূল্য জ্ঞানের ভান্ডার উজার করে দিয়ে ছেলেমেয়েদের শিক্ষা প্রদান করেন ও সমাজে প্রতিষ্ঠিত হওয়ার যোগ্য করে তোলেন। কাজেই শিক্ষকদের এই ত্যাগ সর্বদা শ্রদ্ধার। এছাড়া বক্তব্য রাখেন খোয়াই জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুকূল দাস।

অনুষ্ঠান শুরুর আগে ড. সর্বপল্লী রাধা কৃষ্ণানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন বিধায়ক রঞ্জিত দেববর্মা সহ অন্যান্য অতিথিগন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ মনোজ দেববর্মা, পদ্মবিল বিদ্যালয় পরিদর্শক বিষ্ণু দত্ত, প্রাক্তন বিদ্যালয় পরিদর্শক শচীন্দ্র দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই বিদ্যালয় পরিদর্শক প্রভেন কুমার দেববর্মা। মহকুমা ভিত্তিক শিক্ষক দিবসে খোয়াই মহকুমার অবসরপ্রাপ্ত ১৯ জন শিক্ষক ও শিক্ষিকাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তুলাশিখর বিদ্যালয় পরিদর্শক বিজয় দেববর্মা।

*****